

জেলা প্রাণিসম্পদ দপ্তর, হবিগঞ্জ-এ অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ
৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হবিগঞ্জ।

সভার স্থান : জেলা প্রাণিসম্পদ কর্মকর্তার অফিসকক্ষ।

সভার তারিখ ও সময় : ১২/০৩/২০২৩, দুপুর ১২-০০ ঘটিকা।

উপস্থিত স্টেকহোল্ডারগণের তালিকা : পরিশিষ্ট-“ক”।

সভার শুরুতে সভাপতি কর্তৃক স্টেকহোল্ডারগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। অত্র জেলার বিভিন্ন উপজেলায় যে সকল সরকারি সেবা প্রদান করা হয় তা সিটিজেন চার্টার বা সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী প্রদান নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। সকল দপ্তরে যথাযথভাবে সেবা প্রদানের লক্ষ্যে সকলকে কার্যকর ভূমিকা রাখার জন্য অনুরোধ করা হয়। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১।	সরকারি সেবা মূল্য তালিকা অনুযায়ী সেবা প্রদান বিষয়ে আলোচনা।	সেবা গ্রহীতাগন যেন সেবা প্রাপ্তি হতে বঞ্চিত না হয় এবং যথাসময়ে সঠিক সেবা পায় সে দিকে লক্ষ্য রাখতে হবে এবং দৃশ্যমান স্থানে সিটিজেন চার্টার, টিকাবীজ ও কৃত্রিম প্রজননের সিমেন এবং খামার রেজিঃ এর ফিসহ সরকারি মূল্য তালিকা প্রদর্শন করতে হবে।	উপজেলা/ জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
২।	স্টেকহোল্ডারগণের প্রতি করণীয় বিষয়ে আলোচনা।	প্রান্তিক খামারীগণ যেন অত্র দপ্তরের প্রদত্ত সকল সেবা ও সুযোগ-সুবিধা যথাসময়ে এবং যথাযথভাবে পায় তা নিশ্চিত করতে হবে।	উপজেলা/ জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
৩।	প্রাণিসম্পদ সম্পর্কীয় সেবাসমূহ যথাসময়ে ও যথাযথভাবে প্রদান বিষয়ে আলোচনা।	উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালসমূহ থেকে এবং প্রান্তিক পর্যায়ের কৃষক/খামারীদেরকে যথাসময়ে ও যথাযথভাবে প্রাণিসম্পদ সম্পর্কীয় যাবতীয় সেবা প্রদানে সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকতে হবে।	উপজেলা/ জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি ঘোষণা করা হয়।



১২-০৩-২০২৩

(ডাঃ প্রকাশ রঞ্জন বিশ্বাস)
জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
হবিগঞ্জ।